# বিসমিল্লাহির রাহ মানির রাহীম।

# বাংলাদেশ মার্কেটিং সোসাইটি লিঃ (বি,এম,এস)

# কার্যক্রম প্রক্রিয়া

- সর্ব প্রথম আল্লাহর নামে শুরু করলাম।
- জীবন যাত্রার মান উন্নয়ন করার লক্ষে বাংলাদেশ মার্কেটিং সোসাইটি সংগঠন নিরলস প্রচেষ্টা করে যাবে ইনশাল্লাহ।
- আমাদের সংগঠনের কার্যাবলি সম্পর্কে সকল সদস্যদের অবগত হতে হবে।

## আমাদের কার্যপ্রনালী সমূহঃ-

১. আমাদের সকলের একাতাবদ্ধ হতে হবে।

২. একতাবদ্ধ হওয়ার জন্য একটি সংগঠনের প্রয়োজন আছে,সে লক্ষে বি,এম,এস সংগঠন বাস্তবায়ন করা হয়েছে।

৩. এই সংগঠনের মূল নীতি হলো মেধাবী প্রিরিশ্রমী মানুষকে মূল্যায়ন করা।

৪. আমাদের লক্ষ হলো প্রাইভেট কোম্পানীতে চাকুরি শেষ করার পরে,কোন রকম পেনশন দেওয়া হয়না ,এতে করে আমরা যারা এই সকল জায়গায় চাকুরি করি তারা চাকুরি ছাড়ার পরে তাদের ভবিষ্যৎ অন্ধকার ,তাই তাদেরকে নিয়ে আমাদের উদ্দেশ্য হলো ভবিষ্যৎ গড়তে এই সংগঠন বাস্তবায়ন একান্ত প্রয়োজন বলে আমরা মনে করি।

৫. এই সংগঠন বাস্তবায়ন করতে হলে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

## আপনারা কিভাবে সহযোগিতা করবেনঃ-

১. প্রথমত আপনাদেরকে আমাদের সংগঠনে যোগদান করে এই সংগঠন আমাদের করতে হবে।

২. আমরা কেন্দ্রিয় কমিটির সদস্যরা একসাথে যদি কাজ শুরু করি তাহলে ১০,০০০(দশ) হাজার সদস্য করতে আমাদের বেশি সময় লাগবেনা।

৩.আমরা কেন্দ্রিয় কমিটি করার পর প্রত্যেক জেলায় কমিটি করবো যারা প্রত্যেক উপজেলা কমিটি করবে এবং উপজেলা কমিটি প্রত্যেক ইউনিয়ন কমিটি করবে।

৪. আমরা সকলে আমাদের জীবন যাত্রার মান উন্নয়ন করার লক্ষে সুন্দর ও সঠিকভাবে কাজ করবো ইনশাআল্লাহ।

৫.সকলে আমরা সকলের তরে,আমরা আমাদের সঠিক জীবন গড়ার লক্ষে সংগঠনের সদস্য বৃদ্ধি করতে হবে।

৬.এমন কোন রকমের সদস্য করা যাবেনা যারা আমাদের সকল কিছু বুঝার পর ও নেগেটিভ কমেন্ট করে, তাকে কোন সময় সদস্য করা যাবে না। সকলে এই কথাটা মনে রাখবেন।

৭. দয়া করে কাউকে জোর করে সদস্য বানাবেন না।আমাদের প্রক্রিয়া জানা ও বুঝার পর যদি কেউ আসতে চায় তাকে স্বাগতম জানাবেন অন্যথায় প্রয়োজন নাই।

৮.এক কথায় দুষ্টু গরুর চেয়েও শুন্য গোয়াল অনেক ভালো।

৯.সদস্য পদে যোগদানের জন্য আপনাদের ২৫০ (দুইশত পঞ্চাশ টাকা) ভর্তি ফি প্রদান করতে হবে, সেই টাকা ব্যয় করা হবে যে কাজে,আপনাদেরকে একটি আইডি কার্ড দেওয়া হবে যার মূল্য ১৫০ টাকা,সংগঠন লাইসেন্স করতে ৫০ টাকা,ভর্তি ফরম+ওয়েবসাইট করতে ৫০ টাকা খরচ করা হবে এবং উল্লেখ থাকে যে এ কাজ গুলো করতে যদি আরো বেশি পরিমান টাকা প্রয়োজন পরে সেটাও আমাদের সকলের বহন করতে হবে।

- সকলের আইডি কার্ডে সদস্য ইউজার কোড উল্লেখ থাকবে।
- ভর্তি হওয়ার ৭ দিনের মধ্যে আইডি কার্ড সকলের কাছে পৌছানো হবে।
- আইডি কার্ড হাতে পাওয়ার পর থেকে সকলে ওয়েবসাইটের মাধ্যমে বিএমএস এর ব্যাংক একাউন্টে ২০ (বিশ) টাকা করে প্রত্যক দিন জমা দিতে হবে।
- আমাদের সংগঠনে যে পরিমান টাকা জমা হবে,সে টাকা খরচ করার পূর্বে ওয়েবসাইটে নোটিস দেওয়া হবে যে আগামী কাল আমাদের এত টাকা এই কাজে ব্যয় করা হবে।
- আমাদের টাকা কী কাজে ব্যয় হবে তা আমরা পূর্ব থেকে জানতে পারবো।

BMSL

- আমাদের সংগঠনে ২০ টাকা জমা দিবেন ওয়েবসাইটে, আপনি কতটাকা জমা দিলেন তা আপনি নিজেই দেখতে পারবেন।
- সমগ্র বাংলাদেশে কতজন সদস্য আছে তা আপনি ঘরে বসেই দেখতে পারবেন।
- সকল সদস্য মোট কত টাকা জমা দিলো তা আমরা সকলে দেখতে পারবো।
- আমরা যদি ১ম দিন টাকা দিতে ভূলে যাই তাহলে ২য় দিন দিতে পারবো,২য় দিনও যদি ভূলে যাই ৩য় দিন দিতে পারবো,কিন্তু ৩য় দিন ভূলে গেলে আপনার আইডি ব্লক হয়ে যাবে অটোমেটিক তার জন্য সংগঠন দায়ী থাকবেনা।
- আমাদের মিনিমাম সদস্য টার্গেট ১০,০০০ (দশ হাজার) জন।
- আমাদের প্রতিষ্ঠানে ১০,০০০(দশ হাজার) সদস্য হওয়ার ৩(তিন) মাসের মধ্যে আমাদের যে পরিমান টাকা জমা হবে,সে টাকা দিয়ে একটি কোম্পানী করবো যার নাম হতে পারে বিএমএস কনজুমার ইন্ডাস্ট্রিজ লিঃ ।
- উক্ত কোম্পানীতে উপর থেকে নিচ পর্যন্ত চাকুরি করবে আমাদের সংগঠনের শেয়ার হোল্ডারগন।
- আমাদের কোম্পানীর পণ্য হবে ১০০% গুণগত মানসম্মত পণ্য যা বাজারের ঐ কেটাগরির পণ্যের চেয়েও মিনিমাম ২-৫ টাকা মূল্য কম হতে পারে।
- এই কোম্পানি বছর শেষে যে পরিমান মুনাফা অর্জন করবে ,সে মুনাফার অংশ সকল শেয়ার মালিকদের মধ্যে সমান ভাগে বন্টন করে দেওয়া হবে।
- প্রত্যক বছর একটি দিন ধার্য করা হবে, সেদিন লভ্যাংশ সকলকে বুঝিয়ে দেওয়া হবে।
- কোম্পানী শুরু করার পর বা পূর্বে যদি আমাদের সংগঠনের ব্যাংক এ রিজার্ব থাকে তাহলে কোন শেয়ার হোল্ডারগন বা তাঁর পরিবারের অর্থনৈতিক সহযোগিতার প্রয়োজন পরলে, সংগঠন তাকে সহযোগিতা করবে।
- ধীরে ধীরে বাংলাদেশের বিভিন্ন জাগায় অসহায় দুস্থ পরিবার কেও সহযোগিতা করা হবে।

BMSL

- একটি কোম্পানী করার পর আমাদের মিশন এন্ড ভিশন হবে মিনিমাম ১০ টি কোম্পানী করা।
- তারপর প্রত্যক উপজেলায় ১ টি করে জেনারেল হাসপাতাল করা, যেখানে আমাদের সদস্যদের বিশেষ সুবিধা থাকবে।
- আমাদের প্রতিষ্ঠান সুনাম অর্জন করার পর আমাদের প্রতিষ্ঠান নিজের সম্পদের মাধ্যমে চলবে।
- আমরা ২য় কোম্পানী করার পর পরবর্তী সকল কোম্পানী নিজেদের জাগায় করবো।
- আরো বিভিন্ন ধরনের পরিকল্পনা রয়েছে এই সংগঠনের।

**আমাদের সংগঠনের সদস্য পদে ভর্তি হওয়ার জন্য সকলের যে নথির প্রয়োজন তা নিম্মে দেওয়া হলোঃ**

- আপনার এনআইডি কার্ডের নাম
- পিতার নাম ও মাতার নাম
- পেশা
- বর্তমান ঠিকানা
- স্থায়ী ঠিকানা
- এনআইডি নাম্বর ও জন্ম তারিখ
- ব্যাংক একাউন্ট নাম্বার
- নমীনির নাম,
- নমীনির সাথে সম্পর্ক
- আপনার ফোন নাম্বার,
- পরিবারের একটি ফোন নাম্বার
- ১ কপি পাসপোর্ট সাইজের ছবি
- রকেট একাউন্ট লাগবে।
- অবশ্যই আপনার একটি স্মার্ট ফোন থাকতে হবে, যাহাতে অনলাইন ব্যবহার করা হয়।

BMSL